

UNIVERSITY OF DHAKA: Applications in prescribed form, obtainable from the office of the Registrar, are invited from the Bangladeshi nationals for filling up 3(Three) posts of Professor (permanent) in the Department of Physics in the pay Scale of Tk. 29,000-1100X6-35,600/-.

QUALIFICATIONS: Candidates must be distinguished scholars preferably with a PhD. or an equivalent degree in the relevant subject. They should have at least 12 (twelve) years' teaching and research experience at a University or an Institute of Advanced research. They should have original research works published in recognized research journals. Experience and performance as a teacher as well as significant contribution to different areas of University activities especially in guiding the overall educational and co-curricular activities of the students will also be treated as qualification. In special cases the condition of period of experience may be relaxed.

Eleven copies of application together with a pay order//Bank Draft of value of Tk. 1,000/-(one thousand) only payable to the Registrar, should reach him on or before ১১/০৩/১৯৯৯. Candidates already in service apply through proper channel.

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ পদার্থ বিজ্ঞান বিভাগে ০৩(তিন) অধ্যাপক (স্থায়ী) পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। বেতনের স্কেল ২৯,০০০-১১০০X৬-৩৫,৬০০/-টাকা।

যোগ্যতাঃ প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে বিশিষ্ট পন্ডিত হইতে হইবে। তাঁহাদের পি-এইচ, ডি. কিংবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। কোন বিশ্ববিদ্যালয় বা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁহাদের কমপক্ষে ১২ (বার) বৎসরের শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতা থাকিতে হইবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকিতে হইবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমার শর্ত শিথিল করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহ ১১ (এগার) কপি দরখাস্ত তাঁহার নিকট ১১/০৩/১৯৯৯ তারিখের মধ্যে পৌছাইতে হইবে। দরখাস্তের প্রত্যেক কপির সহিত সার্টিফিকেট, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণ পত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করিতে হইবে।

